দর্শনায় বৈশাখী ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

চুয়াডাঙ্গার দর্শনা আকন্দবাড়িয়ায় অনুষ্ঠিত হয়েছে বৈশাখী ফুটবল টুর্নামেন্টের শুভ উদ্বোধন এবং খেলোয়াড়দের মাঝে ফুটবল ও দাবার সেট বিতরণ অনুষ্ঠান।

বুধবার বিকেল ৫টায় কেরু অ্যান্ড কোম্পানির মাঠে আকন্দবাড়িয়া বাউল পরিষদের আয়োজনে আট দলের অংশগ্রহণে এ টুর্নামেন্টের উদ্বোধন করেন দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) শহীদ তিতুমীর।

টুর্নামেন্টের সভাপতিত্ব করেন সাবেক চেয়ারম্যান ও দর্শনা থানা বিএনপির সাধারণ সম্পাদক আহম্মদ আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক আলহাজ্ব মশিউর রহমান, বিএনপি নেতা মোমিনুল ইসলাম, ফরমান আলী, দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি আওয়াল হোসেন, সাবেক ফুটবলার সাইফুল ইসলাম হুকুম, আশরাফুজ্জামান বেল্টু প্রমুখ।

অনুষ্ঠানে ওসি শহীদ তিতুমীর খেলোয়াড়দের মাঝে ফুটবল ও দাবার সেট বিতরণ করেন। অতিরিক্ত একটি ফুটবল উপহার দেন সাইফুল ইসলাম হুকুম।

বক্তারা বলেন, মাদকমুক্ত দর্শনা গড়া এবং যুবসমাজকে খেলাধুলার প্রতি আগ্রহী করে তোলার লক্ষ্যে এ উদ্যোগ নেওয়া হয়েছে। তারা বলেন, ভবিষ্যৎ প্রজন্মকে মোবাইল আসক্তি থেকে দূরে রাখতে এবং অবসর সময়ে দাবার মতো মানসিক খেলার প্রতি আকৃষ্ট করতে হবে।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বাউল পরিষদের আহ্বায়ক মনিরুজ্জামান ধীরু।

মেহেরপুরে ১ কোটি টাকার খাস

জমি উদ্ধার, আশ্রয়ন প্রকল্পের উদ্বোধন

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের মনোহরপুর মৌজায় দীর্ঘদিন ধরে অবৈধভাবে দখল করা ৭৮ শতাংশ সরকারি খাস জমি উদ্ধার করেছে উপজেলা প্রশাসন।

সোমবার (৭ এপ্রিল) বিকেলে এ অভিযান পরিচালনা করেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) খায়রুল ইসলাম।

জানা গেছে, মনোহরপুর গ্রামের রূপচাঁদের ছেলে রবিউল দীর্ঘদিন ধরে সরকারি জমিটি দখলে রেখেছিলেন। অভিযানের সময় উপজেলা প্রশাসনের সঙ্গে ছিলেন পুলিশ, ব্যাটালিয়ন আনসার, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও), ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, কুতুবপুর ইউনিয়ন পরিষদের সচিব ও গ্রাম পুলিশ।

সফল অভিযানের মাধ্যমে প্রায় ১ কোটি টাকা মূল্যের সরকারি খাস জমি উদ্ধার করা হয়। জমি উদ্ধারের পরপরই সেখানে আশ্রয়ন প্রকল্পের অধীনে ঘর নির্মাণ কাজের উদ্বোধন করা হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা খায়রুল ইসলাম জানান, “সরকারি জমি দখলমুক্ত করতে অভিযান অব্যাহত থাকবে। অবৈধ দখলদারদের কোনোভাবেই ছাড় দেওয়া হবে না।”

বারাদীতে জামায়াতে ইসলামীর অফিস উদ্বোধন ও ইফতার মাহফিল

মেহেরপুরের বারাদীতে জামায়াতে ইসলামী বাংলাদেশ বারাদি ইউনিয়ন শাখার অফিস উদ্বোধন ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বিকেলে বারাদী বাজারের নাজিম প্লাজার দ্বিতীয় তলায় জামায়াতে ইসলামী বাংলাদেশে’র বারাদী ইউনিয়ন শাখার অফিস উদ্বোধন হয়।

বারাদি ইউনিয়ন আমির মাওলানা আসাদুজ্জামান এর সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জামায়াতে ইসলামি বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার সভাপতি মাওলানা তাজ উদ্দিন খান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সাংবাদিক রফিক উল আলম, জামায়াতে ইসলামী বাংলাদেশ মেহেরপুর সদর উপজেলার সাধারণ সম্পাদক জাব্বারুল ইসলাম, বারাদী ইউনিয়নের সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক। অনুষ্ঠানের শুরুতেই ফিতা কেটে অফিস উদ্বোধন করেন জেলা আমির মাওলানা তাজউদ্দিন খান।

পরে সংক্ষিপ্ত আলোচনা শেষে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়। এ সময় উপস্থিত ছিলেন, বারাদী ইউনিয়নের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ। অনুষ্ঠান সঞ্চালনা করেন মাওলানা মজিবার রহমান।

মেহেরপুরে যাকাত, দান ও অনুদান সংগ্রহ কর্মসূচির উদ্বোধন

মেহেরপুরে দারিদ্র ও অসহায় রোগীদের কল্যাণার্থে পবিত্র মাহে রমজান উপলক্ষে রোগী কল্যাণ সমিতির যাকাত, দান ও অনুদান সংগ্রহ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে। যা চলমান থাকবে ৫ মার্চ থেকে ১৯ মার্চ পর্যন্ত।

বুধবার (৫ মার্চ) সকাল ১০টায় মেহেরপুর রোগী কল্যাণ সমিতি, হাসপাতাল সমাজসেবা কার্যালয়ের আয়োজনে ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল প্রাঙ্গণে এই কর্মসূচির উদ্বোধনী করা হয়।

জেলা সমাজসেবা অফিসার ও উপ-পরিচালক মোঃ আশাদুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেনারেল হাসপাতালের ভারপ্রাপ্ত তত্ত্বাবধায়ক ডাঃ ফজলুর রহমান, জেনারেল হাসপাতালের আরএমও ডাঃ এস. এম. কবীর, হাসপাতাল সমাজসেবা কর্মকর্তা মাহে জেবিন

কেমি, প্রবেশন কর্মকর্তা মোঃ মিজানুর রহমান এবং মেহেরপুর সদর উপজেলা সমাজসেবা কর্মকর্তা মোঃ আনিসুর রহমান।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন রোগী কল্যাণ সমিতির আজীবন সদস্য ডাঃ আব্দুস সালাম, সাইফুল ইসলাম, ইলিয়াস হোসেন, আসাদুজ্জামান সেলিম প্রমুখ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জেলা সমাজসেবা (রেজি) অফিসার কাজী আবুল মনসুর। কোরআন তেলাওয়াত করেন আব্দুর রহমান।

এই কর্মসূচির মাধ্যমে দান, যাকাত ও অনুদান সংগ্রহ করে দরিদ্র ও অসহায় রোগীদের সাহায্য করা হবে।

ঝিনাইদহে কৃষি প্রযুক্তি প্রদর্শনী মেলার উদ্বোধন

যশোর অঞ্চলে টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের আওতায় ঝিনাইদহে তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি প্রদর্শনী মেলা শুরু হয়েছে।

সোমবার দুপুরে ঝিনাইদহ সদর উপজেলা পরিষদ চত্বরে মেলার উদ্বোধন করেন জেলা প্রশাসক আব্দুল আওয়াল।

কৃষি সম্প্রসারন অধিদপ্তর ঝিনাইদহের উদ্দ্যোগে আয়োজিত এই মেলায় পরিবেশবান্ধব কৃষি প্রযুক্তি ও আধুনকি উদ্ভাবন কৃষকদের মাঝে তুলে ধরা হয়।

অনুষ্ঠানে জেলা কৃষি সম্প্রসারন অধিদপ্তরের উপ-পরিচালক ষষ্টি চন্দ্র রায়, সদর উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী, সদর উপজেলা কৃষি অফিসার নূর-এ-নবী ও সমাজসেবা কর্মকর্তা আব্দুল হাই সিদ্দিক উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানর প্রধান অতিথি আব্দুল আওয়াল বলেন, এই মেলার মাধ্যমে কৃষকরা আধুনিক কৃষি প্রযুক্তির সঙ্গে পরিচিত হতে পারবে এবং তা মাঠপর্যায়ে প্রয়োগ করে ফসলের উৎপাদন বাড়াতে পারবে।

তিনি বলেন, কৃষি ব্যবস্থা আধুনিকায়ন হলে কৃষককে চাষে আরো বেশি

উদ্বুদ্ধ করা সম্বভব হবে। প্রদর্শনীতে আধুনিক সবজি, ফলসহ ড্রোন প্রযুক্তি, জলবায়ু সহনশীল শস্য উৎপাদন, জৈব সার, আধুনিক সেচ ব্যবস্থা ও স্মার্ট কৃষি যন্ত্রপাতি নিয়ে স্টল বসানো হয়।

মেলায় অংশ নেওয়া কৃষক মহিউদ্দীন জানান, নতুন প্রযুক্তি সম্পর্কে জানার পাশাপাশি তারা সরকারি-বেসরকারি বিভিন্ন সংস্থার সহায়তার বিষয়েও ধারণা পেয়েছেন।

উপজেলা কৃষি অফিসার নূর-এ-নবী জানান, মেলাটি কৃষি খাতে টেকসই উন্নয়নের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

ঝিনাইদহে কৃষি প্রযুক্তি মেলার উদ্বোধন

ঝিনাইদহে তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি মেলার উদ্বোধন করা হয়েছে।

সোমবার (২৪ ফেব্রুয়ারি) সকাল ৯ টার দিকে সদর উপজেলা চত্ত্বরে এ মেলার উদ্বোধন করেন জেলা প্রশাসক আব্দুল আওয়াল।

সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরীর সভাপতিত্বে আরো উপস্থিত ছিলেন জেলা কৃষি কর্মকর্তা যষ্টি চন্দ্র, উপজেলা কৃষি কর্মকর্তা নূর এ নবীসহ অন্যান্য কর্মকর্তারা।

এ বছর মেলায় ১৭টি স্টল দেওয়া হয়েছে। সেখানে বিভিন্ন ধরনের কৃষি প্রযুক্তির সঙ্গে স্টলে জায়গা করে নিয়েছে হরেক রকমের কৃষিপণ্য।

বক্তারা বলেন, বাংলাদেশের কর্মসংস্থানের অন্যতম খাত কৃষি। চলমান কৃষি উন্নয়নের ধারাকে অব্যাহত রাখতে টেকসই কৃষি প্রযুক্তি প্রদর্শনের কোনো বিকল্প নেই।

সাধারণ কৃষক ও মানুষ যেন খুব সহজেই জানতে পারে ও কৃষি প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে নিজের ও দেশের উন্নয়নে কাজ করতে পারে সে

লক্ষ্যেই এ মেলার আয়োজন। মেলাটি চলবে আগামী ২৬ ফেব্রুয়ারি পর্যন্ত।

মেহেরপুরে রাকিব এন্টারপ্রাইজের উদ্বোধন

মেহেরপুর বড়বাজারের নীলমনি হলপাড়ায় “রাকিব এন্টারপ্রাইজ” এর উদ্বোধন করা হয়েছে। বুধবার (১২ ফেব্রুয়ারি) বিকেল ৫টার দিকে এ উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

রাকিব এন্টারপ্রাইজের স্বত্বাধিকারী প্রোঃ শেখ মেহেদী হাসান (রাকিব), গোলাম মুর্শীদ চন্দন ও মেহেরপুর বড়বাজার ব্যবসায়ী কমিটির সভাপতি মনিরুজ্জামান দিপু ফিতা কেটে আনুষ্ঠানিকভাবে প্রতিষ্ঠানের উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর বড়বাজার ব্যবসায়ী কমিটির প্রচার সম্পাদক সাইদুর রহমান সাইদ, গ্রন্থনা ও প্রকাশনা সম্পাদক মাকসুদুর রহমান রুমন, ব্যবসায়ী কমিটির সদস্য মিল্টন জব্বার, হামিদুল ইসলাম, জয়নালসহ অনেকে। এছাড়া অনুষ্ঠানে মেহেরপুর গড় মসজিদের ইমাম মুফতি বায়জিদ হোসেন দোয়া ও মোনাজাত পরিচালনা করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে ব্যবসায়ী নেতারা নতুন এ উদ্যোগের সফলতা কামনা করেন এবং ব্যবসায়িক সম্প্রসারণে একে ইতিবাচক সংযোজন হিসেবে অভিহিত করেন।

দামুড়হুদায় কৃষি প্রযুক্তি প্রদর্শন মেলার উদ্বোধন

দামুড়হুদায় তিনদিন ব্যাপী কৃষি প্রযুক্তি প্রদর্শন মেলার উদ্বোধন করা হয়েছে।

সোমবার বেলা ১১টার সময় উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে “এসো দেশ বদলায় পৃথিবী বদলায়” এই স্লোগানকে সামনে রেখে প্রথমে বর্ণাঢ্য রেলি ও রেলি শেষে মেলার শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক মোঃ মাসুদুর রহমান সরকার।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আগে ছিলো খোরপোশ কৃষি আর এখন আমরা করছি বানিজ্যিক কৃষি। আমরা দেখেছি বাজার মূল্য বেড়ে গেলেও সমস্যা আবার কমে গেলেও সমস্যা। আগে আমরা শীতকালীন পেয়াজ করতাম, এখন আমরা গ্রীষ্মেও পেয়াজ তৈরি করছি। আমরা যে পরিমাণে সবজি খায় তার থেকে জাপানে অনেক বেশী পরিমাণে সবজি খায়, আমাদের খাদ্য অভ্যাস পরিবর্তন করতে হবে।

একটি প্লেটে অর্ধেক ভাত হতে হবে এবং বাকি অর্ধেক হতে হবে সবজি। এই মেলায় মোট ১৪টি স্টল হয়েছে, আমরা এই মেলার মাধ্যমে অনেক গুলো প্রযুক্তি দেখলাম। সেগুলো আমাদের জৈব সারের মাধ্যমে প্রযুক্তি গুলো মাঠে ঘাটে এগুলোর বাস্তবায়ন করতে হবে। তিনদিন ব্যাপী এই কৃষি মেলায় যেসব স্টল হয়েছে এবং সেখানে যে সকল প্রযুক্তি করা হয়েছে সেগুলো আমাদের কৃষিতে ব্যাবহার করে কৃষির উন্নয়ন সাধন করতে হবে।

দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা মোছাঃ মমতাজ মহল এর সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন প্রতিনিধি অনিক, আব্দুর রহিম।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা অতিরিক্ত কৃষি সম্প্রসারণ অফিসার অভিজিৎ কুমার বিশ্বাস, অনুষ্ঠানে কোরআন থেকে তেলওয়াত করেন উপজেলা জামে মসজিদের ঈমাম আশরাফুল আলম।

মেহেরপুরে জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

মেহেরপুরে তারুণের উৎসব ২০২৫ উদযাপন উপলক্ষে জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট অনূর্ধ্ব ১৭ বালক বালিকা উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার (২১ জানুয়ারি) সকাল ১০ টার দিকে যুব ক্রীড়া মন্ত্রণালয়ের আয়োজনে জেলা স্টেডিয়াম এ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষাও আইসিটি) মোঃ রনি আলম নূরের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।বি শেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার পিপিএম মাকসুদা আকতার খানম।

জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদের সঞ্চালনায় এছাড়াও এসময় সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম, গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা, জেলা শিক্ষা অফিসার মোঃ হযরত আলী, গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রধান শিক্ষক জহিরুল ইসলাম, জেলা পরিবেশ অধিদপ্তর সহকারী পরিচালক মোঃ মোজাফফর খানসহ শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে প্রিমিয়ার লিগ ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন

“মাদককে না বলি, মাদক মুক্ত সমাজ গড়ি” এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহ প্রিমিয়ার লিগ সিজন-৩ ক্রিকেট টুর্নামেন্ট ২০২৫ এর উদ্বোধন করা হয়েছে।

সোমবার (২০ জানুয়ারি) সকাল সাড়ে ১১ টাই রেভু্যলেশন স্পোর্টিং ক্লাব এর উদ্যোগে ঝিনাইদহ পানি উন্নয়ন বোর্ড সংলগ্ন মাঠে এ খেলার উদ্বোধন অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি হিসেবে খেলার শুভ উদ্বোধন করেন উপ-প্রধান সম্পাস্মরণ কর্মকর্তা কৃষিবিদ মোঃ আব্দুল মোত্তাবিল। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, আইপি জেলা ক্রিয়া অফিসার মোঃ মিজানুর রহমান, জেলা ক্রিকেটার দলের সাবেক অধিনায়ক হাসান শরীফ সবার। সভাপতিত্ব করেন রেভু্যলেশন স্পোর্টিং ক্লাবের সভাপতি জাহাঙ্গীর কবির তুহিন। অনুষ্ঠানটি সঞ্চালন করেন রেভু্যলেশন স্পোর্টিং ক্লাবের সাধারণ সম্পাদক ডাক্তার আরিফ মুহাম্মদ।

আয়োজক সূত্রে জানায় উক্ত খেলায় ২৪টি দল অংশগ্রহণ করবেন। উদ্বোধনী শহীদ জিয়া স্পোর্টিং ক্লাব ও ক্ষ্যাপা লক্ষ্মীপুর মাগুরায় স্পোর্টিং ক্লাব উদ্বোধনী ম্যাচে খেলেন।